

আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার

অফিস আদেশ


অঃ আঃ নং প্রশাসন/১০/০৯/৪৮০

তারিখঃ ১৫/০৫/২০২৪

ছুটি

১। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার আগামী ২২ মে ২০২৪ (বুধবার) তারিখ বন্ধ থাকবে।

২। **বুদ্ধ পূর্ণিমার সংক্ষিপ্ত পটভূমি**। বুদ্ধ পূর্ণিমা বা বৈশাখী পূর্ণিমা হলো বৌদ্ধ ধর্মাবলম্বীদের পবিত্রতম উৎসব। এই পুণ্যোৎসব বৈশাখ মাসের পূর্ণিমা তিথিতে উদ্‌যাপিত হয়। বৈশাখী পূর্ণিমা দিনটি বুদ্ধের স্মৃতির সাথে বিজড়িত। এই পবিত্র তিথিতে বুদ্ধ জন্মগ্রহণ করেছিলেন, বোধি বা সিদ্ধি লাভ করেছিলেন। এই দিনে বৌদ্ধ ধর্মাবলম্বীগণ স্নান করে, শুচিবস্ত্র পরিধান করে মন্দিরে বুদ্ধের বন্দনায় রত হন। ভক্তগণ প্রতিটি মন্দিরে বহু প্রদীপ প্রজ্জ্বলিত করেন, ফুলের মালা দিয়ে মন্দিরগৃহ সুশোভিত করে বুদ্ধের আরাধনায় নিমগ্ন হন। এছাড়া বুদ্ধধর্মাবলম্বীগণ এই দিনে বুদ্ধ পূজার পাশাপাশি পঞ্চশীল, অষ্টশীল, সূত্রপাঠ, সূত্রশ্রবণ, সমাবেত প্রার্থনা করে থাকেন। বুদ্ধ পূর্ণিমা উদযাপন উপলক্ষ্যে এদিন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সরকারিভাবে বন্ধ রাখার পাশাপাশি অফিস-আদালতে ছুটির দিন হিসাবে গণ্য করা হয়।



মোঃ জসিম উদ্দিন

মেজর (অবঃ)

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

পক্ষে মহাপরিচালক

বিতরণঃ

ওয়েবসাইট

নোটিশ বোর্ড

হোয়াটসএ্যাপ গ্রুপ